প্রথমতঃ উদিত দ্রেক্কাণানুসারে জাতবালকের অঙ্গবিভাগ করিতে হইবে, তাহার নিয়ম এই যে, যদি প্রথমদ্রেক্কাণে অর্থাৎ লগ্নের প্রথম দশ অংশ মধ্যে জন্ম হয়, তাহা হইলে জাতবালকের মস্তক হইতে কণ্ঠপর্য্যন্ত প্রথম ভাগ, দ্বিতীয়দ্রেক্কাণে অর্থাৎ দশ অংশের পর ২০ অংশের মধ্যে জন্ম হইলে কণ্ঠদেশ হইতে নাভি পর্য্যন্ত দ্বিতীয়ভাগ এবং তৃতীয়দ্রেক্কাণে অর্থাৎ ২০ অংশের পর ৩০ অংশে জন্ম হইলে বস্তি হইতে পাদপর্য্যন্ত তৃতীয়ভাগ কল্পনা করিয়া ঐ সকল ভাগের কোন কোন স্থানে ব্রণ বা তিলচিহ্ন হইয়াছে কিম্বা হইবে, তাহার গণনা করিবে।

প্রথম দ্রেক্কাণে যে মস্তক হইতে মুখ পর্য্যন্ত প্রথমভাগ কল্পনা করা হইয়াছে, পুনর্ব্বার সূক্ষ্মগণনার নিমিত্ত তাহাকে দ্বাদশভাগে বিভক্ত করিবে। যথা প্রথমদ্রেক্কাণে জন্ম হইলে লগ্নরাশি মস্তক এই লগ্নরাশি হইতে যে রাশি দ্বিতীয় সেই রাশি দক্ষিণচক্ষু, দ্বাদশরাশি বামচক্ষু, তৃতীয় রাশি দক্ষিণকর্ণ, একাদশ রাশি বামকর্ণ, চতুর্থরাশি দক্ষিণ নাসিকা, দশম রাশি বাম নাসিকা, পঞ্চরাশি দক্ষিণকপোল, নবম রাশি বামকপোল, ষষ্ঠ রাশি দক্ষিণহনু, অষ্টমরাশি বামহনু, এবং সপ্তমরাশি মুখ।

দ্বিতীয়দ্রেক্কাণে জন্ম হইলে যে কণ্ঠ হইতে নাভি পর্য্যন্ত দ্বিতীয়ভাগ কল্পনা করা হইয়াছে, তাহার সূক্ষ্মগণনার নিমিত্ত পুনর্ব্বার ঐ দ্বিতীয়ভাগকে দ্বাদশভাগে বিভক্ত করিবে যথা—দ্বিতীয়দ্রেক্কাণে জন্ম হইলে লগ্নরাশি কণ্ঠ, ঐ লগ্নরাশি হইতে যে রাশি দ্বিতীয় হইবে, সেই রাশি দক্ষিণস্কন্ধ বা দক্ষিণবাহু, দ্বাদশরাশি বামস্কন্ধ বা বামবাহু, তৃতীয় রাশি দক্ষিণহস্ত, একাদশ রাশি বামহস্ত, চতুর্থ রাশি দক্ষিণপার্শ্ব, দশমরাশি বামপার্শ্ব, পঞ্চম রাশি দক্ষিণহৃদয়, নবম রাশি বামহৃদয়, ষষ্ঠ রাশি দক্ষিণক্রোড়, অষ্টম রাশি বাম ক্রোড় এবং সপ্তম রাশি মুখ।

তৃতীয় দ্রেক্কাণে জন্মহইলে যে বস্তি হইতে পাদপর্য্যন্ত তৃতীয়ভাগ কল্পনা করা হইয়াছে, তাহার সূক্ষ্মগণনার নিমিত্ত পুনর্ব্বার ঐ তৃতীয় ভাগকে দ্বাদশভাগে বিভক্ত করিবে। যথা—তৃতীয় দ্রেক্কাণে জন্ম হইলে লগ্নরাশি বস্তি, লগ্ন হইতে যে রাশি দ্বিতীয় হইবে সেই রাশি শিশ্ন, দ্বাদশ রাশি গুহ্যদ্বার, তৃতীয় রাশি দক্ষিণ কোষ, একাদশ রাশি বামকোষ, চতুর্থরাশি দক্ষিণ উরু, দশম রাশি বাম উরু, পঞ্চম রাশি দক্ষিণজানু, নবম রাশি বামজানু, ষষ্ঠ রাশি দক্ষিণজঙ্ঘা, অষ্টম রাশি বামজঙ্ঘা এবং সপ্তম রাশি পাদ ॥ ২৪ ॥

দ্বাদশগৃহ	প্রথমদ্রেক্কাণ	দ্বিতীয়দ্রেক্কাণ	তৃতীয়দ্রেক্কাণ
লগ্ন	মস্তক	কণ্ঠ	বস্তি
দ্বিতীয়গৃহ	দক্ষিণচক্ষু	দক্ষিণবাহু বা স্কন্ধ	শিশ্ন
দ্বাদশগৃহ	বামচক্ষু	বামবাহু বা স্কন্ধ	গুহ্যদ্বার
তৃতীয়	দক্ষিণকর্ণ	দক্ষিণহস্ত	দক্ষিণকোষ
একাদশ	বামকর্ণ	বামহস্ত	বামকোষ
চতুর্থ	দক্ষিণনাসা	দক্ষিণপার্শ্ব	দক্ষিণ উরু
দশম	বামনাসা	বামপার্শ্ব	বাম উরু
পঞ্চম	দক্ষিণকপোল	দক্ষিণহৃদয়	দক্ষিণজানু
নবম	বামকপোল	বামহৃদয়	বামজানু
ষষ্ঠ	দক্ষিণহনু (গাল)	দক্ষিণক্রোড়	দক্ষিণজঙ্ঘা
অষ্টম	বামহনু (গাল)	বামক্রোড়	বামজঙ্ঘা
সপ্তম	মুখ	নাভি	পাদ

তস্মিন্ পাপযুতে ব্রণং শুভযুতে দৃষ্টে চ লক্ষ্মাদিশেৎ স্বর্ক্ষাংশে স্থিরসংযুতেষু সহজঃ স্যাদন্যথাগন্তুকঃ। মন্দেশ্মানিলজোঽগ্নিশস্ত্রবিষজো ভৌমে বুধে ভূভবঃ সূর্য্যে কাষ্ঠচতুষ্পদেষু হিমগৌ শৃঙ্গ্যব্জজোঽন্যৈঃ শুভম্ ॥ ২৫ ॥

অথ ব্রণজ্ঞানপ্রয়োজনং শার্দূলবিক্রীড়িতেনাহ—তস্মিন্ পাপযুত ইতি। তত্র

প্রথমদ্রেক্কাণজাতস্য শিরোঽঙ্গবিভাগো দ্বিতীয়দ্রেক্কাণজাতস্য কণ্ঠাদ্যঙ্গবিভাগঃ তৃতীয়-দ্রেক্কাণজাতস্য বস্ত্যাদ্যঙ্গবিভাগঃ যত্রাঙ্গরাশৌ পাপগ্রহসংযুক্তে তত্রাঙ্গে ব্রণবিস্ফোট-কাদি বাচ্যং। তস্মিন্ পাপযুক্তেঽঙ্গরাশৌ পাপগ্রহসংযুতে শুভসংযুতে দৃষ্টে সৌম্যগ্রহ-সংযুক্তেঽবলোকিতে বা তত্রাশুভাপলক্ষিতেঽঙ্গে লাঞ্ছনাদিশেৎ মশকাদিচিহ্নং বাচ্যম্ স্বক্ষাংশ ইতি স এব গ্রহো ব্রণমশকাদিকর্ত্তা স্বক্ষে স্বরাশৌ স্বনবাংশকে বা স্থিতো ভবতি। স্থিররাশৌ স্থিরাংশকে বা স্থিতস্তদা ব্রণং মশকাদিকং সহজোৎপন্নং তস্য প্রাদুর্ভবতি। অস্মদুক্তবিপর্যায়ে আগন্তুকো জাতস্যোত্তরকালে কেনচিন্নিমিত্তে ন বক্ষ্যমাণেন স্বদশাকালে বক্তব্যং। আগন্তুকস্য ব্রণাদের্হেতুনেন তন্নিমিত্তমাহ—মন্দেঽশ্মানিলজ ইতি। মন্দে শনৈশ্চরে ব্রণকর্ত্তৃত্বে প্রাপ্তে তদ্গুণোৎপন্নঃ পাষাণহেতুকো-ঽনিলজো বাতব্যাধিহেতুকো বা বক্তব্যঃ ভৌমস্য ব্রণকর্ত্তৃত্বে প্রাপ্তেঽগ্নিশস্ত্রবিষজোঽগ্নি-হেতুকঃ শস্ত্রহেতুকো বিষহেতুকো বা বক্তব্যঃ। বুধে ভূজোঽস্থি তপাত্তাদ্ভূমাভি-ঘাতহেতুকো লোষ্ট্রপ্রহারহেতুকো বা সূর্য্যে রবৌ কাষ্ঠপ্রহারহেতুকশ্চতুষ্পাৎপ্রাণিহেতুকো বা বক্তব্যঃ। হিমগৌ চন্দ্রে শৃঙ্গ্যভিঘাতহেতুকঃ শৃঙ্গে বিদ্যেতে যস্য প্রাণিনঃ স শৃঙ্গী তজ্জাতো অব্জকৃতো বা জলপ্রাণিহেতুকো বা বক্তব্যঃ। অতৈঃ শুভম্ অঙ্গে গ্রহা যত্রাঙ্গ-দেশস্থা ভবন্তি তত্র শুভা ব্রণকরা ন ভবন্তি তত্রাবশেষৌ গুরুসিতৌ শুভযুক্তো বুধোঽপি ব্রণকরো ন ভবতি তস্মাদ্বহুবচনাদুচ্যতে বুধঃ পাপযুক্তো ব্রণকরঃ ক্ষীণশ্চন্দ্রমাস্তথা তাভ্যোঽন্যৈঃ শুভমিত্যাহুঃ ॥ ২৫ ॥

জাতবালকের অঙ্গ তিনভাগ করিয়া তাহার প্রতি বিভাগে দ্বাদশ রাশি যেরূপে কল্পনা করিতে হইবে, তাহা কথিত হইয়াছে। এইক্ষণ ঐ সকল রাশিতে শুভাশুভ গ্রহের অব-স্থিতি ও দৃষ্টিদ্বারা কিরূপ ও কি ঘটিত চিহ্ন হইবে, তাহা কথিত হইতেছে। যে অঙ্গে যে রাশি উক্ত হইয়াছে, সেই রাশিতে যদি পাপগ্রহ থাকে, তাহা হইলে সেই অঙ্গে আঘা-তের চিহ্ন থাকিবে। কিন্তু ঐ সকল রাশিতে যদি শুভগ্রহ কিম্বা শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে সেই অঙ্গে ব্রণাদি চিহ্ন থাকিবে। আর ঐ সকল পাপগ্রহ কিম্বা শুভগ্রহ যদি স্বক্ষেত্রে, স্বনবাংশে স্থিররাশিতে অথবা স্থিররাশির নবাংশে থাকে, তাহাহইলে ঐ সকল আঘাতচিহ্ন কিম্বা ব্রণাদিচিহ্ন জন্মাবধি দৃষ্ট হইবে, তাহা না হইলে ভবিষ্যতে ঐ সকল চিহ্ন হইবে, অর্থাৎ ঐ সকল গ্রহের দশাকালে ঐ সকল চিহ্ন হইবে।

যদি শনি চিহ্নকারক হয়, তাহাহইলে প্রস্তর কিম্বা বায়ু-জন্য আঘাতে চিহ্ন হইবে, মঙ্গল চিহ্নকারক হইলে অগ্নি, অস্ত্র অথবা বিষদ্বারা, পাপযুক্ত বুধ চিহ্নকারক হইলে হইলে মৃত্তিকা-দ্বারা, রবি চিহ্নকারক হইলে কাষ্ঠ কিম্বা চতুষ্পদ জন্তুদ্বারা এবং পাপচন্দ্র চিহ্নকারক হইলে শৃঙ্গী, পশু কিম্বা জলজপ্রাণীদ্বারা আঘাত প্রাপ্তে চিহ্ন হইবে। আর ঐ সকল স্থানে শুভগ্রহ অর্থাৎ বৃহস্পতি, শুক্র, সৌম্যবুধ ও সৌম্যচন্দ্র থাকে, তাহা-হইলে আঘাত হইবে না ॥ ২৫ ॥

সমনুগতিতা যস্মিন্ ভাগে ত্রয়ঃ সবুধা গ্রহা ভবন্তি নিয়মাৎ তস্যাবাপ্তিঃ শুভেষ্বশুভেষু বা। ব্রণকৃদশুভঃ ষষ্ঠে দেহে তনোর্ভসমাশ্রিতে তিলকমশকদৃষ্টঃ সৌম্যৈ-র্যুতশ্চ সলক্ষ্মবান্ ॥ ২৬ ॥

ইতি বৃহজ্জাতকে জন্মবিধিনামাধ্যায়ঃ ॥ ৫ ॥

অথ ব্রণজ্ঞানং হরিণ্যাহ—সমনুপতিতা ইতি। যস্মিন্ ভাগে বামদক্ষিণে বা ত্রয়ঃ সবুধা গ্রহাঃ ত্রয়োঽঙ্কে গ্রহাশ্চতুর্থেন বুধেন সহিতাঃ সমনুপতিতাঃ সমাশ্রিতাস্তত্রাঙ্গে পূর্ব্বোক্তব্রণাদের্নিয়মান্নিশ্চয়াদবশ্যং প্রাপ্তির্ভবতি। শুভেষু বা তে গ্রহাঃ সবুধাঃ শুভাঃ সৌম্যাঃ অশুভাঃ পাপা বা ভবন্তি। তথাপি তত্রাঙ্গে তস্য ব্রণাবাপ্তির্ব্বিক্তব্যা তেষাং মধ্যে যো বলী স স্বদশায়ব্যাপ্য করোতি ব্রণকৃদিতি। লগ্নাৎ ষষ্ঠে স্থানে অশুভঃ পাপঃ ব্যবস্থিতো দেহে শরীরে ব্রণকৃদ্ ভবতি কস্মিন্ স্থানে তনোর্ভসমাশ্রিতে তনোর্লগ্নাৎ ষষ্ঠস্থো রাশিঃ কালাঙ্গানীত্যনেন দর্শিতাঙ্গবিভাগে যস্মিন্ ভবতি তস্মিন্ ভসমাশ্রিতে রাশিযুক্তে দেহে শরীরে ভবতি। তত্রাপি স্বর্ক্ষাংশস্থিরসংযুক্তেষু সহজঃ অন্যথাগন্তুক ইত্যনুবর্ত্তনীয়ম্। স এব ষষ্ঠস্থানস্থঃ পাপঃ সৌম্যেন শুভগ্রহেণ যদা দৃষ্টো ভবতি তদা তত্রাঙ্গে তিলকমশকযুক্তবতি তিলকঃ কৃষ্ণবিন্দুঃ, মশকোঽর্জ্জুনঃ। অথ শুভগ্রহেণ স এব পাপ-যুতস্তদা স লক্ষ্মবান্ ভবতি রাত্র্যাপলক্ষিতমঙ্গং সচিহ্নং ভবতি। অত্রস্থানে যতো লোমনিচয়ো লক্ষ্ম ইতি ॥ ২৬ ॥ ইতি শ্রীভট্টোৎপলবিরচিতায়াং বৃহজ্জাতকবিবৃত্তৌ জন্মবিধিনামাধ্যায়ঃ পঞ্চমঃ সমাপ্তঃ ॥ ৫ ॥

পাপই হউক কিম্বা শুভই হউক, যদি তিনটি গ্রহ বুধের সহিত এক গৃহে থাকে, তাহাহইলে সেই রাশিতে যে অঙ্গ বুঝা-ইবে, সেই অঙ্গে নিশ্চয় আঘাতচিহ্ন বা ব্রণচিহ্ন থাকিবে।

যদি লগ্নের ষষ্ঠস্থানে কোন পাপগ্রহ থাকে, তাহাহইলে ত্রয়োবিংশতিশ্লোকে লগ্নকে মস্তক কল্পনা করিয়া যেরূপে দ্বাদশভাগ করা হইয়াছে, সেই অনুসারে এই ষষ্ঠরাশিতে যে অঙ্গ বুঝাইবে, সেই অঙ্গে আঘাতের চিহ্ন থাকিবে। (বলবান্ গ্রহের দশাকালে উক্ত চিহ্ন হইয়া থাকে) কিন্তু যদি পাপগ্রহকে শুভগ্রহ দৃষ্টি করে, তাহাহইলে কতক কৃষ্ণবর্ণ ও কতক শ্বেত-বর্ণ এমন তিল থাকিবে। আর যদি ঐ ষষ্ঠস্থানে শুভগ্রহ থাকে, তহাহইলে সেই অঙ্গে একটি জটুলচিহ্ন দৃষ্ট হইবে। ২৬ ॥

বৃহজ্জাতকে জন্মবিধিনামক পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সন্ধ্যায়াং হিমদীধিতিহোরাপাপৈর্ভান্তগতৈর্নিধনায়। প্রত্যেকং শশিপাপসমেতৈঃ কেন্দ্রৈর্ব্বা সবিনাশ-মুপৈতি ॥ ১ ॥

অথারিষ্টাধ্যায়ো ব্যাখ্যায়তে। তত্র তাবজ্জাতকারিষ্টসম্ভবে সত্যায়ুর্দ্দায়াষ্টকবর্গাদে-র্নাশঃ কর্ত্তব্যঃ। তস্মাৎ প্রথমমরিষ্টাধ্যায় বক্ষ্যতি তত্রারিষ্টদ্বয়ং বিদ্যুশালয়াহ সন্ধ্যায়া-মিতি। সন্ধ্যায়া লক্ষণং সংহিতায়ামুক্তম্ অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা ব্যক্তীভূতা ন তারকা যাবৎ তেজঃ পরিহানিমুখাদ্ভানোরর্দ্ধোদয়ো যাবৎ। অস্মিন্ সন্ধ্যাকালে তত্র জন্মনি যস্য সন্ধ্যাকালো ভবতি। তৎকালে হিমদীধিতেশ্চন্দ্রস্য হোরা ভবতি যথাসম্ভবঃ পাপৈ-র্ভান্তগতৈঃ যত্র তত্র রাশিস্থা নবমাংশগতাঃ পাপা ভবন্তি। তদৈতদ্যোগে জাতস্য নিধ-নায় মরণায় ভবতি প্রত্যেকমিতি একমেকমিতি। প্রত্যেকং শশী চন্দ্রমাঃ পাপাঃ ক্রূরাঃ চতুর্ষু কেন্দ্রেষু ব্যবস্থিতা ভবন্ত্যেকৈকং প্রতি যথাসম্ভবং চত্বার্য্যপি কেন্দ্রাণ্যাক্রান্তা ভবন্তি। তথাপি যস্য জন্ম ভবতি স বিনাশমুপৈতি স্রিয়ত ইত্যর্থঃ ॥ ১ ॥

যদি প্রভাত বা সায়ংকালের সন্ধিসময় * কোন বালকের জন্ম হয় এবং ঐ সময় যদি চন্দ্রের হোরা উদিত হয় এবং পাপগ্রহগণ তাহাদিগের স্থিত রাশির শেষ নবাংশে অবস্থিতি করে, তাহা হইলে জাতবালক জন্মিয়াই নিধন পাইবে। আর যদি চন্দ্র এবং তিনটি পাপগ্রহ এই চারি গ্রহ চারি কেন্দ্রস্থানে থাকে, তাহা হইলে জাতবালকের মৃত্যু হইবে ॥ ১ ॥

চক্রস্য পূর্ব্বাপরভাগগেষু ক্রূরেষু সৌম্যেষু চ কীটলগ্নে। ক্ষিপ্রং বিনাশং সমুপৈতি জাতঃ পাপৈর্ব্বিলগ্নাস্তময়াভিতশ্চ ॥ ২ ॥

অথান্যারিষ্টযোগানিন্দ্রবজ্রয়াহ চক্রস্যেতি। যাবন্তো ভাগা লগ্নস্যোদিতাস্তাবন্ত এব ভাগাশ্চতুর্থরাশেঃ পরিত্যজ্য শেষভাগেভ্যারভ্য পঞ্চমষষ্ঠসপ্তমাষ্টমনবমরাশয়ো দশমরাশিলগ্নোদিতভাগতুল্যাংশাশ্চক্রে পরার্দ্ধম্। তত্র চক্রস্য পূর্ব্বভাগে ক্রূরাঃ পাপাঃ ইতরভাগে পশ্চিমে সৌম্যাঃ শুভগ্রহাঃ কীটলগ্নে বৃশ্চিকরাশাবুদয়ে কর্কটে বোদয়স্থিতে জাতঃ শিশুঃ ক্ষিপ্রমাশ্বেব বিনাশং উপৈতি মরণং প্রাপ্নোতি ইত্যর্থঃ। নম্বত্র পূর্ব্বং বৃশ্চিকঃ কীটসংজ্ঞ উক্তঃ পুনরপি দ্বিপদাহ্বয়োঽহ্নি নিশি চ প্রাপ্তে চ সন্ধ্যাদ্বয়ে ইত্যত্র কর্কটবৃশ্চিকমীনানাং কীটত্বমভ্যুপগম্যাৎ। তদত্র বৃশ্চিককর্কটৌ কথং ব্যাখ্যাতাবিত্যত্রোচ্যতে মকরমীনয়োর্জ্জলচরত্বাদপি সমত্বাৎ কীটসংজ্ঞা নামাভ্যুপগম্যতে। যস্মাদ্বাদরায়ণঃ—পূর্ব্বাপরভাগগতৈরশুভৈরলিনি কর্কটে লগ্নে জাতস্য শিশোর্ম্মরণং সদ্যঃ। কথয়ন্তি যবনেন্দ্রাঃ পাপৈর্ব্বিলগ্নাস্তময়াভিতশ্চেতি। পাপৈঃ ক্রূরগ্রহৈঃ বিলগ্নাভিতঃ অস্তময়াভিতশ্চ স্থিতৈশ্চ সদ্যো জাতঃ ক্ষিপ্রং শীঘ্রমেব বিনাশং সমুপৈতি। অত্র কেচিদেকে যোগদ্বয়ং ব্যাচক্ষতে। অভিতশ্চোভয়তো লগ্নাৎ পাপৈরভিতঃ একো যোগঃ অস্তময়াদভিতো দ্বিতীয়ঃ। তত্র দ্বাদশদ্বিতীয়স্থয়োর্লগ্নাৎ পাপয়োর্জ্জাতো ম্রিয়তে ষষ্ঠাষ্টময়োশ্চ পাপয়োর্জ্জাতো ম্রিয়তে। তথা লগ্নসপ্তমাক্রান্তে পুনরভিশব্দো অভিমুখো বর্ত্তত ইতি বর্ণয়তি। তত্র লগ্নাদ্ যো দ্বিতীয়রাশৌ গ্রহঃ স্থিতঃ স উদয়মভিলষিত লগ্নস্যাভিমুখো ভবতি। যশ্চ লগ্নাদষ্টমরাশৌ ভবতি সোঽস্তময়মভিলষতীত্যর্থঃ। সপ্তমরাশাবভিমুখো ভবতি তেনৈতজ্জাতম্ লগ্নাদ্দ্বিতীয়াষ্টমগতৈঃ সর্ব্বৈঃ পাপৈর্জ্জাতো ম্রিয়তে। বয়ং পুনরভিশব্দং আভিমুখ্যবৃত্তিং ব্রমঃ। যস্মাদ্ যবনেশ্বরঃ—গ্রহেষু লগ্নাভিমুখেষু সর্ব্বেষ্বথা প্রবীর্য্যেষু স্ববর্গগেষু ইতি। কিন্তু যো লগ্নাদ্দ্বাদশস্থানে স্থিতঃ স উদয়মভিলষতি লগ্নাভিমুখো ভবতি। যশ্চ ষষ্ঠে স্থিতঃ লগ্নাৎ সোঽস্তাভিমুখো ভবতি। যস্মাদ্ গ্রহাণাং প্রাঙ্মুখীগতিঃ উক্তঞ্চ প্রাগ্গতাস্তুলাজবা গ্রহাশ্চ সর্ব্বে স্বমণ্ডলগা ইতি। তত্র পূর্ব্বাভিমুখং ব্রজতো লগ্নাদ্দ্বিতীয়স্থস্য তদভিমুখং ন সম্ভবতি নচাষ্টমস্থস্যাস্তাভিমুখ্যম্। তেনৈব তজ্জাতম্ লগ্নাদ্দ্বাদশষষ্ঠাশ্রিতৈঃ পাপৈর্যস্য জন্ম স ম্রিয়ত ইতি। ভগবতা গার্গেণ সর্ব্বাণ্যেব ব্যাখ্যাতান্যভিমুখানীতি। তথাচ তস্যাকাম্—"রিপুব্যয়গতৈঃ পাপৈর্যদি বা ধনমৃত্যুগৈঃ। লগ্নে বা পাপমধ্যস্থে দ্যূনে বা মৃত্যুমাপ্নুয়াদিতি" ॥ ২ ॥

জন্মকালে যদি কর্কট অথবা বৃশ্চিকরাশির উদয় হয় এবং যদি পাপগ্রহগণ রাশিচক্রের পূর্ব্বার্দ্ধে ও শুভগ্রহগণ পশ্চিমার্দ্ধে অবস্থিতি করে, তাহা হইলে বালকের জন্ম হইবার পরক্ষণেই তাহার মৃত্যু হইবে। আর যদি পাপগ্রহগণ জন্মলগ্ন হইতে দ্বাদশ, দ্বিতীয়, ষষ্ঠ এবং অষ্টমস্থানে অবস্থিতি করে, তাহা হইলে ও জাতবালকের মৃত্যু হইবে।

স্পষ্টার্থ। দশমরাশির উদিতাংশ হইতে চতুর্থ রাশির উদিতাংশ পর্য্যন্ত যে ছয়টি রাশি হইবে, তাহারা রাশিচক্রের পূর্ব্বভাগ এবং ঐ চতুর্থরাশির উদিতাংশ হইতে দশম লগ্নের উদিতাংশ পর্য্যন্ত বক্রী ছয়টি রাশিকে পশ্চিমভাগ বলা যায়।

দৃষ্টান্ত—যদি জন্মকালে কর্কটলগ্নের ১০ দশ অংশ উদয় হয়, তাহা হইলে তৎকালীন দশম মেষ রাশির ১০ দশ অংশ হইতে তুলারাশির ১০ অংশ পর্য্যন্ত রাশিচক্রের পূর্ব্বদিক্ এবং ঐ তুলার ১০ অংশ হইতে মেষ রাশির ১০ অংশ পর্য্যন্ত পশ্চিমদিক্ ॥ ২ ॥

পাপাবুদয়াস্তগতৌ ক্রূরেণ যুতশ্চ শশী।
দৃষ্টশ্চ শুভৈর্ন যদা মৃত্যুশ্চ ভবেদচিরাৎ ॥ ৩ ॥

অথ যোগান্তরমনুষ্টুভাহ—পাপাবিতি। একঃ পাপ উদয়ে লগ্নে স্থিতোঽন্যোঽস্তে সপ্তমে গতঃ শশী চন্দ্রমাঃ যত্র তত্রস্থঃ ক্রূরেণ পাপেন যুতো ভবতি। স চ সৌম্যৈঃ শুভগ্রহৈর্যদি ন দৃষ্টঃ তদা জাতস্য মৃত্যুরচিরাচ্ছীঘ্রমেব ভবেৎ ॥ ৩ ॥

যদি জন্মকালে লগ্নরাশি, অস্তরাশি এবং চন্দ্রভোগ্যরাশি ইহাদিগের প্রত্যেক রাশিতে পাপগ্রহ থাকে এবং চন্দ্রে শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে বালকের জন্মের পর শীঘ্রই তাহার মৃত্যু হইবে ॥ ৩ ॥

ক্ষীণে হিমগৌ ব্যয়গে পাপৈরুদয়াষ্টমগৈঃ।
কেন্দ্রেষু শুভাশ্চ নচেৎ ক্ষিপ্রং নিধনং প্রবদেৎ ॥ ৪ ॥

অথারিষ্টান্তরমনুষ্টুভাহ—ক্ষীণেতি। হিমগৌ চন্দ্রে ক্ষীণে লগ্নাদ্ব্যয়গে দ্বাদশস্থে তথা পাপৈঃ ক্রূরগ্রহৈরুদয়াষ্টমগৈঃ লগ্নস্থৈরষ্টমগতৈশ্চ কেন্দ্রেষু কণ্টকেষু চেদ্ যদি শুভা ন ভবন্তি। তদা জাতস্য ক্ষিপ্রমাশ্বেব নিধনং মরণং বদেদ্ ব্রূয়াৎ। অত্র কেচিৎ পাপৈরুদয়াষ্টমগৈরিতি নেচ্ছন্তি তদযুক্তম্ যস্মাদ্ ভগবান্ গার্গিঃ ক্ষীণে চন্দ্রে ব্যয়গতৈঃ পাপৈরষ্টমলগ্নগৈঃ কেন্দ্র বাহ্যগতৈঃ সৌম্যৈর্জ্জাতস্য নিধনং ভবেৎ ॥ ৪ ॥

যদি ক্ষীণচন্দ্র জন্মলগ্নের দ্বাদশস্থানে, পাপগ্রহ লগ্নে ও অষ্টমস্থানে অবস্থিতি করে এবং কেন্দ্রস্থানে যদি শুভগ্রহ না থাকে, তাহা হইলে বালকের জন্মের পর কিয়ৎকাল মধ্যেই তাহার মৃত্যু হইবে ॥ ৪ ॥

ক্রূরঃ সংযুতঃ শশী স্মরান্ত্যমৃত্যুলগ্নগঃ।
কণ্টকাদ্বহিঃ শুভৈরবীক্ষিতশ্চ মৃত্যুদঃ ॥ ৫ ॥

অথারিষ্টান্তরং সমমানিকয়াহ—ক্রূর ইতি শশী চন্দ্রঃ ক্রূরেণ গ্রহেণ সংযুক্তস্তথাচ স্মরান্ত্যমৃত্যুলগ্নগঃ সপ্তমদ্বাদশাষ্টমলগ্নানামন্যতমস্থস্তথা শুভৈঃ শুভগ্রহৈঃ কণ্টকবাহ্যৈঃ কেন্দ্রবর্জ্জং অন্যস্থানস্থৈঃ অবীক্ষিতঃ ন দৃষ্টো ভবতি। তদা জাতস্য মৃত্যুদো মরণদো ভবতি। অর্থাদেব সৌম্যৈঃ কেন্দ্রস্থৈঃ তদারিষ্টাভাবঃ। তথাচ সারাবল্যাম্—দ্বাদশসপ্তোদয়গে শশাঙ্কে পাপৈঃ সমেতে শুভদৃষ্টিহীনে। কেন্দ্রেষু সৌম্যগ্রহবর্জ্জিতেষু জাতস্য সদ্যঃ কুরুতে প্রণাশম্ ॥ ৫ ॥

* অর্দ্ধাস্তমিতাদুদিতাৎ সূর্য্যাদস্পষ্টভং নভো যাবৎ।
তাবৎ সন্ধ্যাকালশ্চিহ্নৈরেতৈঃ ফলং চাস্মিন্ ॥ সূর্য্যসিদ্ধান্তঃ—
সূর্য্যের অর্দ্ধোদয়ের পূর্ব্ববর্ত্তী এবং সূর্য্যের অর্দ্ধাস্তের পরবর্ত্তীসময়ের নাম সন্ধ্যাকাল।

যদি চন্দ্র একটি পাপগ্রহের সহিত লগ্নে, সপ্তমে, অষ্টমে, অথবা দ্বাদশ গৃহে থাকে এবং কেন্দ্রস্থানে যদি কোন শুভগ্রহ না থাকে, তাহাহইলে জন্মিবার কিয়ৎকাল পরে জাতবালকের মৃত্যু হইবে ॥ ৫ ॥

শশিন্যরিবিনাশগে নিধনমাশু পাপেক্ষিতে শুভৈরথ সমাষ্টকন্দলমতশ্চ মিশ্রৈঃ। স্থিতিরসদ্ভিরবলোকিতে বলিভিরত্র মাসং শুভে কলত্রসহিতে চ পাপবিজিতে বলগ্নাধিপে ॥ ৬ ॥

অথারিষ্টান্তরাণি পৃথ্যাহ—শশিনি ইতি। শশিনি চন্দ্রে অরিবিনাশগে লগ্নাৎ ষষ্ঠস্থানস্থেঽষ্টমস্থে বা তত্র চ পাপানাং ক্রূরাণাং মধ্যাদন্যতমেনেক্ষিতে দৃষ্টে সৌম্যগ্রহেণাদৃষ্টে তস্য নিধনং মরণমাশু ক্ষিপ্রমেব ভবতি। শুভৈরিতি অথ লগ্নাৎ ষষ্ঠাষ্টমগে চন্দ্রে সৌম্যগ্রহৈর্দৃষ্টে পাপৈরদৃশ্যমানে জাতস্য সমাষ্টকং বর্ষাষ্টকং স্থিতিৰ্জীবিতং বক্তব্যম্। ততো মরণমিতি, সমশব্দো বর্ষপর্যায়ঃ। দলমত ইতি। লগ্নাৎ ষষ্ঠাষ্টমগে চন্দ্রে মিশ্রৈঃ পাপসৌম্যৈশ্চ দৃষ্টে অতোঽস্মাৎ সমাষ্টকার্দ্ধাৎ অষ্টকাদ্দলমৰ্দ্ধং বর্ষং চতুষ্টয়ং স্থিতিৰ্জ্জীবিতং ততো মরণমিতি। অর্থাদেব ষষ্ঠাষ্টমস্থে চন্দ্রমসি ন কেনচিদ্ দৃশ্যমানেঽরিষ্টযোগাভাবঃ চন্দ্রমা যদি ষষ্ঠাষ্টমস্থঃ সৌম্যক্ষেত্রগতো ভবত্যথবা পাপক্ষেত্রগতঃ সৌম্যযুক্তো ভবতি তদা ন মরণপ্রদঃ। যস্মাদ্ যবনেশ্বরঃ লগ্নাচ্ছশী নৈধনগঃ শুভর্ক্ষে ষষ্ঠেঽথবা পাপনিরীক্ষিতশ্চ মর্ত্যাবুরাহরিশুভৈর্মিশ্রৈস্তদীক্ষিতোঽষ্টাষ্টকমৰ্দ্ধকং বা তথা যস্য কৃষ্ণপক্ষে দিবা জন্মনি শুক্লপক্ষে রাত্রৌ জন্মনি লগ্নাৎ ষষ্ঠাষ্টমগঃ শশী শুভাশুভদৃষ্টোঽপি ভবতি তস্য ন মরণপ্রদঃ। যথাচাক্তবাঃ পক্ষে সিতে ভবতি জন্ম যদি ক্ষপায়াং কৃষ্ণেঽথবাহনি শুভাশুভদৃশ্যমানঃ তচ্চন্দ্রমা রিপুবিনাশগতোঽপি জন্মাদাপৎস্থ রক্ষতি পিতেব শিশুং ন হন্তি। অসদ্ভিরিতি অত্রাস্মিন্নেব ষষ্ঠাষ্টমে বা স্থানে শুভে সৌম্যগ্রহে বুধগুরুসিতানামন্যতমে স্থিতে তস্মিংশ্চাসদ্ভিঃ পাপৈঃ বলিভিঃ বীর্য্যযুক্তৈরবলোকিতে দৃষ্টে জাতস্য মাসং স্থিতিঃ জীবিতং বক্তব্যম্ ততো মরণমিতি অত্র নির্দ্দিষ্টযোগস্থে চন্দ্রমসি শুভদৃষ্টেঽরিষ্টযোগাভাবঃ যস্মাদনেনৈব স্বল্পজাতকে উক্তম্ শশিবৎ সৌম্যাঃ পাপৈর্বলিভিরবলোকিতা ন শুভদৃষ্টাঃ মাসেন মরণদাঃ স্যুঃ পাপজিতো লগ্নপশ্চাস্তে কলত্রসহিতেতি। বিলগ্নাধিপে জন্মলগ্নপতৌ কলত্রসহিতে সপ্তমস্থানস্থে পাপবিজিতে ক্রূরগ্রহেণ যুদ্ধে বিজিতে বিজিতলক্ষণম্ দক্ষিণদিকস্থঃ পরুষো বেপথুঃ প্রাপ্য গৃহং সমুদ্ভোণুঃ অধিরূঢ়ো বিকৃতো নিষ্প্রভো বিবর্ণশ্চ যঃ স জিতঃ ভৌমাদীনাং আকাশে যুদ্ধং ভবতি যঃ দক্ষিণাশাস্থঃ স গ্রহঃ জিতঃ ইত্যাদীনাং যুদ্ধমিত্যুক্তম্বাচ্চন্দ্রদীপিকায়াম্ পরুষো রুক্ষঃ, বেপথুঃ কম্পায়মানঃ, অস্তমৃহম্ প্রাপ্য রশ্মিবৃত্তঃ বিপরীতগতিমাপন্নঃ, অণুঃ সূক্ষ্মঃ, অধিরূঢ়ঃ অন্যেনাক্রান্তঃ, বিকৃতঃ বিকারসহিতঃ, নিষ্প্রভো দীপ্তিরহিতঃ, বিবর্ণঃ বর্ণরহিতঃ, স জিত ইতি চশব্দান্মাসস্থিতিস্ততো মরণমিতি ॥ ৬ ॥

যদি লগ্ন হইতে ষষ্ঠ অথবা অষ্টমস্থানে চন্দ্র থাকে এবং ঐ চন্দ্রে যদি পাপগ্রহের দৃষ্টি হয়, তাহাহইলেও জন্মের কিয়ৎকাল পরেই জাতবালকের মরণ হইবে। যদি ঐ চন্দ্রকে কোন শুভগ্রহ দৃষ্টি করে, তাহাহইলে ঐ জাতবালকের অষ্টমবর্ষে মৃত্যু হইবে। যদি ঐ চন্দ্র শুভাশুভ উভয়বিধ গ্রহকর্ত্তৃক ঈক্ষিত হয়, তাহাহইলে চতুর্থ বৎসরে ঐ বালকের মরণ হইবে। কিন্তু জন্মকালে যদি কোন শুভগ্রহ ষষ্ঠ বা অষ্টম গৃহে থাকে এবং তাহার উপর বলবান্ পাপগ্রহ দৃষ্টি করে, লগ্নাধিপতি সপ্তমগৃহে থাকে এবং কোন পাপগ্রহ কর্ত্তৃক গ্রহযুদ্ধে পরাভূত হয়, তাহাহইলে জন্মের একমাস পরে সেই জাতসন্তানের মৃত্যু হইবে ॥ ৬ ॥

লগ্নে ক্ষীণে শশিনি নিধনং রন্ধ্রকেন্দ্রেষু পাপৈঃ পাপান্তঃস্থে নিধনহিবুকদ্যূনযুক্তে চ চন্দ্রে। এবং লগ্নে ভবতি মদনচ্ছিদ্রসংস্থৈশ্চ পাপৈর্ম্মাত্রা সার্দ্ধং যদি চ ন শুভৈর্ব্বীক্ষিতঃ শক্তিভৃদ্ভিঃ ॥ ৭ ॥

অথারিষ্টান্তরাণি মন্দাক্রান্তয়াহ—লগ্নে ক্ষীণ ইতি। ক্ষীণে শশিনি চন্দ্রে ক্ষীণে লগ্নে স্থিতে তথা রন্ধ্রকেন্দ্রেষ্বষ্টমকেন্দ্রেষু পাপৈঃ ক্রূরৈঃ স্থিতৈর্যথাসম্ভবমেবম্বিধে যোগে জাতস্য নিধনং মরণং বক্তব্যম্। তথা চন্দ্রে শশিনি পাপান্তস্থে পাপমধ্যগতে নিধনহিবুকদ্যূনযুক্তেঽষ্টমচতুর্থসপ্তমস্থানানামন্যতমস্থে জাতস্য মরণং বক্তব্যম্, এবমিতি এবমনেনৈবপ্রকারেণ লগ্নগে পাপান্তঃস্থে শশিনি তথা মদনচ্ছিদ্রসংস্থে সপ্তমাষ্টমস্থানয়োরন্যতমস্থে পাপে ক্রূরে যদি শুভৈঃ সৌম্যগ্রহৈঃ শক্তিভৃদ্ভিঃ সবলৈঃ চন্দ্রমা ন বীক্ষিতো ন দৃষ্টো ভবতি তদা জাতস্য মাত্রা সার্দ্ধং জনন্যা সহ মরণং বদেৎ। অথ নির্দ্দিষ্টযোগস্থশ্চেচ্চন্দ্রমা শুভৈর্দৃষ্টস্তে বলিভিস্তদা জাতস্যৈব মরণং ন তন্মাতুরিতি ॥ ৭ ॥

যদি ক্ষীণচন্দ্র জন্মলগ্নে এবং ঐ লগ্নের অষ্টমগৃহে বা কেন্দ্রে পাপগ্রহগণ অবস্থিতি করে, অথবা চন্দ্র যদি লগ্নের চতুর্থ, সপ্তম কিম্বা অষ্টমস্থানে স্থিত হইয়া পাপগ্রহগণের মধ্যে থাকে, তাহাহইলে জাতবালকের মৃত্যু হইবে। আর চন্দ্র যদি লগ্নে থাকিয়া পাপগ্রহগণের মধ্যবর্ত্তী হয় এবং যদি পাপগ্রহগণ সপ্তম এবং অষ্টমস্থানে থাকে, আর ঐ চন্দ্রের উপর যদি বলবান্ শুভগ্রহগণ দৃষ্টি না করে, তাহাহইলে জাতবালক ও তাহার মাতার মৃত্যু হইবে। টীকাকার বলেন যে, যদি ঐ চন্দ্রের প্রতি শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহাহইলে বালকের মাতার মৃত্যু হইবে না, কেবল বালকেরই মৃত্যু হইবে ॥ ৭ ॥

রাশ্যন্তগে সদ্ভিরবীক্ষমাণে চন্দ্রে ত্রিকোণোপগতৈশ্চ পাপৈঃ। প্রাণৈঃ প্রয়াত্যাশু শিশুর্ব্বিয়োগমস্তে চ পাপৈস্তুহিনাংশুলগ্নে ॥ ৮ ॥

অথারিষ্টান্তরাণি ইন্দ্রবজ্রয়াহ—রাশ্যমিতি। চন্দ্রে শশিনি রাশ্যন্তগে যত্র তত্র রাশৌ নবমনবাংশকগতে তথা সদ্ভিঃ শুভগ্রহৈর্ন বীক্ষমাণে ন সংদৃষ্টৈঃ পাপৈঃ ক্রূরৈস্ত্রিকোণোপগতৈঃ নবপঞ্চমস্থানস্থৈঃ জাতঃ শিশুঃ বালকঃ আশু ক্ষিপ্রমেব প্রাণৈরসুভির্ব্বিয়োগং প্রয়াতি গচ্ছতি ম্রিয়ত ইত্যর্থঃ। অস্তে চ পাপৈরিতি তুহিনাংশৌ চন্দ্রে লগ্নগে অস্তে সপ্তমে সপ্তমস্থানস্থিতৈঃ পাপৈশ্চ শব্দাচ্ছিশুরাশ্বেব প্রাণৈর্ব্বিয়োগং প্রয়াতি অত্র তুহিনাংশুলগ্ন ইতি কর্কটলগ্নে কেন্দ্রিয়াখ্যাতং তদযুক্তম্ যস্মাদনেনৈব স্বল্পজাতকে উক্তম্ উদয়গতো বা চন্দ্রঃ সপ্তমরাশিস্থিতৈঃ পাপৈরিতি ॥ ৮ ॥

জন্মকালে যদি চন্দ্র রাশির শেষ নবাংশে অবস্থিতি করে এবং ঐ চন্দ্রে যদি শুভগ্রহগণের দৃষ্টি না থাকে অথবা যদি পাপগ্রহগণ লগ্নের পঞ্চমে ও নবমস্থানে স্থিত হয় কিম্বা উদিত লগ্নে চন্দ্র এবং তাহার সপ্তমে পাপগ্রহগণ থাকে, তাহাহইলে বালকের জন্মের পর কিয়ৎকালমধ্যেই তাহার মৃত্যু হইবে ॥৮॥

অশুভসহিতে গ্রস্তে চন্দ্রে কুজে নিধনাশ্রিতে জননি-সুতয়োর্মৃত্যুর্লগ্নে রবৌ তু সশস্ত্রজঃ। উদয়তি রবৌ শীতাংশৌ বা ত্রিকোণবিনাশগৈর্নিধনমশুভৈর্ব্বীর্য্যোপেতৈঃ শুভৈর্ন যুতেক্ষিতে ॥ ৯ ॥

অথারিষ্টান্তরাণি হরিণ্যাহ—অশুভসহিত ইতি। চন্দ্রে শশিগ্রস্তশুভসহিতে যদ্যপি সামান্যেনোক্তং তথাপ্যশুভেন শনৈশ্চরেণৈব যুক্তে তথাভূতে লগ্নগতেন কেবলং যাবদ্‌ গ্রস্তে রাহৌ শশিগতে অয়াচ্চ কুজেঽঙ্গারকে নিধনাশ্রিতেঽষ্টমস্থানস্থে জননিসুতয়োঃ মাতা-পুত্রয়োঃ মৃত্যুর্ভবতি। রবৌ তু সশস্ত্রজ ইতি এবম্বিধে যোগে রবাবাদিত্যে স্থিতে জননিসুতয়োঃ সহমৃত্যুঃ শস্ত্রজঃ শস্ত্রেণায়ুধেন জাতস্য মৃত্যুর্ভবতি। এতদুক্তং ভবতি শনৈশ্চরেণ বুধেন বা যুক্তেঽর্কে গ্রস্তে লগ্নগতে কুজে চাষ্টমগে জাতস্য মাত্রা সহ শস্ত্রহেতুকং মরণং বাচ্যম্‌। সশুভ ইতি সামান্যেনোক্তং তৎ কেবলেন শনৈশ্চরেণ যুক্তে চন্দ্রে শশিনি ইতি কিং ব্যাখ্যাতম্‌। শনৈশ্চরেণ বুধেন বা যুক্তেঽর্কে ইতি নোক্তম্‌ অত্রোচ্যতে অমাবাস্যাং পৌর্ণমাস্যাং চন্দ্রগ্রহণং ভবতি তত্র তাবদর্কসহিতেন চন্দ্রমসা ন ভবিতব্যঃ বুধেন চার্কসমীপবর্ত্তিনা সদৈব ভবিতব্যং অষ্টমস্থানস্থাৎ ভৌমেনাপি চন্দ্রসহিতেন ন ভবিতব্যম্‌ শনৈশ্চরঃ বিনা ব্যবস্থিতেন বুধেন সৌম্যেনৈব ভবিতব্যম্‌ তস্মাচ্চন্দ্রগ্রহণে শনৈশ্চরেণেতি ব্যাখ্যাতম্‌ অর্কগ্রহণে তু পুনঃ বুধেন যদি যুক্তোঽর্কো ভবতি তদার্ক-সহিতত্বাত্তস্য পাপতা ভবতীত্যতোঽত্রেঽর্কস্য বুধসহিতত্বমিতি ব্যাখ্যাতম্‌ ক্ষীণেন্দুযোগা-দর্কস্থ পাপযোগ এবায়ং ন গণ্যতে তস্মাদমাবস্যাযামর্কগ্রহণেন ভবিতব্যং, তত্র চাবশ্যমর্কেণ ক্ষীণচন্দ্রসহিতেন ভবিতব্যম্‌ যথার্কঃ ক্ষীণেন্দুনা যুক্ত ইতি আচার্য্যাভি-প্রেতঃ তাদৃশা গ্রস্তেঽর্কে নিধনাশ্রিতে কুজ ইতি। কেবল মকরোৎ উদয়তি রবাবিত্যাদি রবাবাদিত্যে উদয়তি লগ্নগতে শীতাংশৌ চন্দ্রে বা লগ্নগতে তথা শুভৈঃ সৌম্যগ্রহৈঃ বীর্য্যো-পেতৈঃ বলবদ্ভিঃ ন যুক্তেক্ষিতে ন সংযুক্তে নাপি দৃষ্টে জাতস্য নিধনং মরণং বদেৎ। অর্থাদেবোক্তযোগস্থে রবৌ চন্দ্রে বা বলিভিঃ শুভৈর্যুতে দৃষ্টে চারিষ্টযোগাভাবঃ ॥ ৯ ॥

যদি জন্মলগ্নে একটী পাপগ্রহ অর্থাৎ শনির সহিত রাহুগ্রস্ত চন্দ্র থাকে এবং ঐ সময়ে যদি লগ্নের অষ্টমস্থানে মঙ্গল থাকে; তাহাহইলে বালক এবং মাতা উভয়ের মৃত্যু হইবে। আর যদি জন্মলগ্নে একটি পাপগ্রহ অর্থাৎ শনির সহিত রাহুগ্রস্ত রবি থাকে, তাহাহইলে অস্ত্রাঘাতে মাতা ও বালকের মৃত্যু হইবে। আর উদিত লগ্নে যদি রবি অথবা চন্দ্র স্থিত হয় এবং পাপগ্রহগণ যদি পঞ্চম, অষ্টম ও নবম গৃহে থাকে, পরন্তু যদি ঐ রবি ও চন্দ্র বলবান্‌ শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট না হয়, তাহাহইলে সেই বালকের মৃত্যু হইবে ॥ ৯ ॥

অসিতরবিশশাঙ্কভূমিজৈর্ব্ব্যয়নবমোদয়নৈধনাশ্রিতৈঃ। ভবতি মরণমাশু দেহিনাং যদি বলিনা গুরুণা ন বীক্ষিতাঃ ॥ ১০ ॥

অথারিষ্টান্তরমপরবৃত্তেনাহ—অসিত ইতি। অসিতঃ সৌরঃ, রবিরাদিত্যঃ, শশাঙ্কঃ চন্দ্রঃ, ভূমিজোঽঙ্গারকঃ এতৈঃ শনিরবিচন্দ্রভৌমৈর্যথাক্রমং ব্যয়নবমোদয়নৈধনাশ্রিতৈঃ দ্বাদশনবমলগ্নাষ্টমস্থানস্থৈঃ তত্রৈতদুক্তং ভবতি শনৈশ্চরে দ্বাদশে অর্কে নবমে চন্দ্রে লগ্নগে ভৌমেঽষ্টমস্থে এতে সর্ব্ব এব যোগকর্ত্তারো গ্রহা যদি বলিনা বীর্য্যবতা গুরুণা ন দৃষ্টাস্তদা জাতস্য জন্মোত্তরমেব মরণং প্রবদেৎ। অত্র যদা যোগকর্ত্তৃগ্রহান্‌ সর্ব্বান্‌ বলবান্‌ গুরুঃ পঞ্চমস্থঃ কাংশ্চিৎ পশ্যতি কাংশ্চিন্ন পশ্যতি অথবা বলহীনঃ সর্ব্বানেব পশ্যতি তদা জাতস্য মরণং প্রবদেৎ কিন্তু আশু শীঘ্রং প্রবদেৎ অর্থাদেব সর্ব্বানেব গুরুঃ পঞ্চমগঃ পশ্যতি তদারিষ্টযোগাভাবঃ ॥ ১০ ॥

যদি জন্মকালে দ্বাদশে শনি, নবমে রবি, লগ্নে চন্দ্র এবং অষ্টমে মঙ্গল থাকে, আর বলবান্‌ বৃহস্পতি যদি ঐ সকল গ্রহকে দৃষ্টি না করে, তাহাহইলে বালকের জন্মের পর তাহার মৃত্যু হইবে। টীকাকার বলেন যে, লগ্নের পঞ্চমস্থানে বৃহস্পতি থাকিলে একস্থানে থাকিয়াই উপরি উক্ত গ্রহগণকে দৃষ্টি করিতে পারেন ॥ ১০ ॥

সুতমদননবান্ত্যরন্ধ্রলগ্নেষ্বশুভযুতো মরণায় শীতরশ্মিঃ। ভৃগুসুতশশিপুত্রদেবপূজ্যৈর্যদি বলিভির্ন যুতোঽবলোকিতো বা ॥ ১১ ॥

অথারিষ্টান্তরং পুষ্পিতাগ্রয়াহ—সুত ইতি। শীতরশ্মিঃ চন্দ্রঃ স চ ক্ষীণঃ অশুভযুতঃ পাপগ্রহেণ সংযুক্তঃ সুতমদননবান্ত্যলগ্নরন্ধ্রেষু স্থিতঃ পঞ্চমসপ্তমনবমদ্বাদশোদয়াষ্টমগতঃ এতেষাং অন্যতমস্থঃ ভৃগুসুতেন শুক্রেণ শশিপুত্রেণ বুধেন দেবপূজ্যবৃহস্পতিনা বলিভিঃ বীর্য্যসংযুক্তৈর্ন যুতো নাপ্যবলোকিতঃ এষাং ত্রয়াণাং মধ্যে একতমেনাপি সংযুক্তো নাপি দৃষ্টস্তদা জাতস্য মরণায় ভবতি। অর্থাদেব ভৃগুসুতশশিপুত্রদেবপূজ্যানামন্যতমেন বলবতা দৃষ্টো যুক্তো বা ভবতি তদা রিষ্টযোগাভাবঃ। অত্র ক্ষীণচন্দ্রগ্রহণং নাস্তি তৎ কথং ব্যাখ্যাতম্‌? উচ্যতে আগমান্তরদৃষ্টত্বাৎ। তথাচ সারাবল্যাম্‌—নিধনাস্তব্যয়লগ্ন-ত্রিকোণগাঃ ক্ষীণচন্দ্রসংযুক্তাঃ পাপা বলিনঃ শুভৈরদৃশ্যমানা গতায়ুষং কুর্য্যুঃ ॥ ১১ ॥

যদি জন্মকালে চন্দ্র একটি পাপগ্রহের সহিত পঞ্চম, সপ্তম, নবম, দ্বাদশ লগ্ন অথবা অষ্টমস্থানে থাকে এবং যদি বলবান্‌ শুক্র, বুধ অথবা বৃহস্পতির সহিত যুক্ত কিম্বা এই সকল গ্রহ-কর্ত্তৃক ঈক্ষিত না হয়, তাহাহইলে জন্মের পরেই জাতবালকের মৃত্যু হইবে ॥ ১১ ॥

যোগে স্থানঙ্গতবতি বলিনশ্চন্দ্রে স্বম্বা তনুগ্রহ-মথবা। পাপৈর্দৃষ্টে বলবতি মরণং বর্ষস্যান্তে কিল মুনিগদিতম্‌ ॥ ১২ ॥

ইতি বৃহজ্জাতকে অরিষ্টাধ্যায়ো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

অথানুক্তমরণকালপরিজ্ঞানং ভ্রমরবিলাসিতেনাহ—যোগে স্থানমিতি। যস্মিন্নরিষ্ট যোগে জাতস্য মরণকালাবধির্নোক্তস্তস্মিন্নরিষ্টযোগকর্ত্তারো গ্রহাস্তেষামধ্যাৎ যো বলবান্‌ স যস্মিন্‌ রাশৌ জন্মকালে ব্যবস্থিতঃ স রাশির্বলিনঃ তৎস্থানং তত্র চারক্রমাচ্চ-ন্দ্রমসি প্রাপ্তে জাতস্য মরণং বক্তব্যম্‌ অথবা চন্দ্রে স্বমাত্মীয়স্থানং গতে জন্মকালে যত্র রাশৌ চন্দ্রমাঃ স্থিতস্তমেব রাশৌ পুনরপ চন্দ্রে গতে তত্র তস্য মরণং বক্তব্যং তনুগৃহমথবা তনুগৃহং লগ্নং বা চারক্রমাদ্গতে চন্দ্রমসি জাতস্য মরণং বক্তব্যম্‌। কেচিদেবং উচ্যন্তে বর্ষস্যান্তঃ সম্বৎসরাভ্যন্তরে এতদুক্তং ভবতি অনুক্ত কালারিষ্টজাতো বর্ষং নাতিক্রমতীতি। নন্বত্র প্রতিমাসং চন্দ্রমসি সর্ব্বাণ্যেব স্থানানি গন্তব্যানি তৎ কিমিত্যুক্তং বর্ষস্যান্তঃ উচ্যতে পাপৈর্দৃষ্টে বলবতীতি। এতেষু নির্দ্দিষ্টস্থানেষু মধ্যাদ্‌ যত্রাগতশ্চন্দ্রমা বলবান্‌ ভবতি পাপৈশ্চ দৃশ্যতে তদা জাতস্য মরণং বক্তব্যম্‌। ন কেবলং গতমাত্র এব চন্দ্রে কিল মুনিগদিতম্‌ কিলেত্যাগমসূচনে নিশ্চয়েন মুনিগদিতমরিষ্টং লক্ষণবিত্যাগমপারম্পর্য্যেণ শ্রূয়ত ইতি। অত্রাষ্টেরাচার্য্যৈরিষ্ট-ভঙ্গাধ্যায়ান্তে চ সত্যাক্ষ্মাঃ যতো বহবো জাতা অরিষ্টেষ্বপি যোগেষু জীবন্তো দৃশ্যন্তে যেষু সৎস্বপি যোগেষু জীবন্ত্যতোঽস্মাভিঃ কিঞ্চিল্লিখ্যতে। সর্ব্বাধিমানতিবলঃ স্ফুরদংশুজালো লগ্নস্থিতঃ প্রশময়েৎ সুরৱাজমন্ত্রী একো বহূনি দুরিতানি সুদুস্তরাণি ভক্ত্যা প্রযুক্ত ইব শূলধরপ্রণামঃ ॥ ১ ॥ লগ্নাধিপোঽতিবলবানশুভৈরদৃষ্টঃ কেন্দ্রস্থিতৈঃ শুভখেচ-রবলোক্যমানঃ মৃত্যুং বিধূয় বিদধাতি সুদীর্ঘমায়ুঃ সার্দ্ধং গুণৈর্বহুভিরূর্জ্জিতয়া চ লক্ষ্ম্যা

। ২। লগ্নাদষ্টমবর্ত্তাপি গুরুবুধশুক্রদ্রেক্কাণগশ্চন্দ্রঃ মৃত্যুপ্রাপ্তমপি সুতং পরিরক্ষতেব নির্ব্যা-জম্। ৩। চন্দ্রঃ সম্পূর্ণতনুঃ সৌম্যর্ক্ষগতঃ স্থিতঃ শুভস্থান্তঃ প্রকরোতি রিষ্টভঙ্গং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ। ৪। বুধভার্গবজীবানামেকতমঃ কেন্দ্রমাগতো বলবান্ যদ্যপি ক্রূরসহায়ঃ সদ্যোঽরিষ্টস্য ভঙ্গায়। ৫। রিপুভবনগতোঽপি শশীগুরুশীতকরশ্চিদ্রেক্কাণস্থঃ গরুড় ইব সোরিদষ্টং পরিরক্ষত্যেব নিঃশ্যাজম্। ৬। সৌম্যদ্বয়ান্তর্গতঃ সম্পূর্ণঃ স্নিগ্ধমণ্ডলঃ শশ-ভৃৎ নিঃশেষরিষ্টহন্তা ভুজঙ্গমোক্ষস্থ গরুড় ইব। ৭। শশভৃতি পূর্ণশরীরে শুক্লে কৃষ্ণে নিশাক্ষরে দিবসে রিপুনিধনস্থে রিষ্টং প্রভবতি নৈবাত্র জাতস্থ। ৮। প্রস্ফুরিতকিরণ-জালে স্নিগ্ধামলমণ্ডলে বিলোকয়তি। সুরমন্ত্রিণি কেন্দ্রগতে সর্ব্বারিষ্টং শমং যাতি। ৯। সৌম্যভবনোপগতাঃ সৌম্যাংশকসৌম্যদ্রেক্কাণাঃ। গুরুচন্দ্রকাব্যশশিজাঃ সর্ব্বে রিষ্টস্য হন্তারঃ। ১০। চন্দ্রাধ্যাসিতরাশেরধিপঃ কেন্দ্রে শুভগ্রহৈর্ব্বাপি। প্রশময়তি রিষ্ট-যোগং পাপানি যথা হরিস্মরণং। ১১। পাপা যদি শুভবর্গে সৌম্যৈর্দৃষ্টাঃ শুভাংশ-বর্গস্থৈঃ নিঘ্নন্তি তদা রিষ্টং, পতিং বিরক্তা যথা যুবতী। ১২। রাহুস্ত্রিষষ্ঠলাভে লগ্নাৎ সৌম্যৈর্নিরীক্ষিতঃ সদ্যঃ নাশয়তি সর্ব্বদুরিতং মারুত ইব তুলসঙ্ঘাতম্। ১৩। শীর্ষো-দয়েষু রাশিষু সর্ব্বে গগনাধিবাসিনঃ সূতৌ। প্রকৃতিস্বপারিষ্টং বিলীয়তে ঘৃতমিবাগ্নিস্থম্। ১৪। তৎকালে যদি বিজয়ী শুভগ্রহঃ শুভনিরীক্ষিতোঽবশ্যম্ নাশয়তি সর্ব্বরিষ্টং মারুত ইব পাদপান্ প্রবলঃ। ১৫। সর্ব্বৈর্গগনভ্রমণৈদৃষ্টশ্চন্দ্রো বিনাশয়তি রিষ্টম্। আপূর্য্যমাণমূর্ত্তির্যথা নৃপঃ স্বল্পয়েদ্রিষ্টমিতি। ১৬। ১২।

ইতি শ্রীভট্টোৎপলবিরচিতায়াং বৃহজ্জাতকবিবৃত্তৌ রিষ্টাধ্যায়ঃ ষষ্ঠঃ।

যখন চন্দ্র মৃত্যুকারক গ্রহের গৃহে আগমন করিবে অথবা জন্মকালে যে রাশিতে স্থিত ছিলেন, ঐ রাশিতে কিম্বা জন্ম-লগ্নে যখন পুনর্ব্বার আসিবে, তৎকালে যদি চন্দ্র বলবান্ হয় এবং বলবান্ পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাহইলে মুনিগণের মতে জাত বালকের একবৎসর মাত্র পরমায়ু জানা যায় ॥১২॥

মহামতিভট্টোৎপল উক্ত বালরিষ্টের ষোড়শপ্রকার ভঙ্গ-যোগ নিরূপণ করিয়াছেন, তাহা বলা যাইতেছে। জন্ম-কালে যদি বলবান্ বৃহস্পতি লগ্নে অবস্থিতি করেন, তাহাহইলে সর্ব্বদোষের শান্তি হয়, অর্থাৎ পূর্ব্বোক্ত রিষ্টযোগ থাকিলেও মৃত্যু হয় না ॥ ১ ॥ যদি লগ্নাধিপতি গ্রহ বলবান্ হয়, তাহাতে কোন পাপগ্রহের দৃষ্টি না থাকে এবং কেন্দ্রস্থিত শুভগ্রহ দৃষ্টি করে, তাহাহইলে জাতবালকের রিষ্টদোষ নিবারিত হইয়া দীর্ঘজীবী হইবে ॥ ২ ॥ জন্মকালে চন্দ্র অষ্টমস্থ হইলেও যদি বৃহস্পতি, বুধ অথবা শুক্রের দ্রেক্কাণে থাকে, তাহাহইলে জাতবালকের মৃত্যু হইবে না ॥ ৩ ॥ জন্মকালে যদি পূর্ণচন্দ্র শুভগৃহের রাশিতে অবস্থিতি করে এবং শুভগ্রহের মধ্যবর্ত্তী হয় এবং ঐ চন্দ্রের উপার শুক্রের দৃষ্টি থাকে, তাহাহইলে উপরি উক্ত রিষ্টযোগে বালকের মৃত্যু হইবে। ৪ ॥ জন্মকালে যদি বুধ, শুক্র বা বৃহস্পতি বলবান্ হইয়া কেন্দ্রস্থানে অবস্থিতি করে, তাহাহইলে ঐ চন্দ্র কোন একটি পাপগ্রহের সহিত এক গৃহে অবস্থিতি করিলেও জাতবালকের মৃত্যু হইবে না ॥৫ ॥ জন্মকালে চন্দ্র ষষ্ঠস্থানে থাকিলেও যদি চন্দ্র তৎ-কালে বৃহস্পতি, শুক্র কিম্বা বুধের দ্রেক্কাণে অবস্থিতি করে, তাহাহইলে জাতবালক অকালে কালগ্রাসে পতিত হইবে না ॥ ৬ ॥ জন্মকালে যদি চন্দ্র পূর্ণ হয় এবং শুভগ্রহের মধ্যে থাকে, তাহাহইলে জাতবালক রিষ্টযোগে মরিবে না ॥ ৭ ॥ জন্ম-কালে যদি পূর্ণ হয় এবং ক্ষীণচন্দ্রে বালকের জন্ম হয়, অথবা শুক্লপক্ষের রাত্রিতে বা কৃষ্ণপক্ষের দিবসে কোন বালক জন্মে। এইরূপ হইলে জন্মকালে বালকের জন্মলগ্নের ষষ্ঠ বা অষ্টমগৃহে থাকিলে তাহার মৃত্যু হইবে না ॥ ৮ ॥ জন্মকালে চন্দ্র যদি পূর্ণ হয় এবং ঐ চন্দ্রকে কেন্দ্রস্থিত বৃহস্পতি দৃষ্টি করেন, তাহাহইলে রিষ্টযোগ থাকিলেও বালকের অকালে মৃত্যু হইবে না ॥ ৯ ॥ জন্মকালে শুভগ্রহের ক্ষেত্রে, নবাংশে বা দ্রেক্কাণে বৃহস্পতি, চন্দ্র, শুক্র এবং বুধ অবস্থিতি করে, তাহা হইলে রিষ্টযোগ থাকিলেও জাতবালক অকালে মরিবে না ॥ ১০ ॥ জন্মকালে যে রাশিতে চন্দ্র অবস্থিত ছিলেন, সেই রাশির অধিপতিগ্রহ যদি কেন্দ্রস্থানে থাকে, কিম্বা কেন্দ্রস্থানে যদি কোন শুভগ্রহ থাকে তাহাহইলে রিষ্টযোগ-সত্ত্বেও বালকের অকালমৃত্যু হইবে না ॥ ১১ ॥ জন্মকালে যদি পাপগ্রহণ শুভগ্রহের বর্গস্থিত হয় এবং শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাহইলে রিষ্টযোগসত্ত্বেও অকালে বালকের মৃত্যু হইবে না ॥ ১২ ॥ জন্মকালে যদি রাহু লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ বা একাদশস্থানে অবস্থিতি করে এবং শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাহইলে রিষ্টযোগসত্ত্বেও বালকের অকালে মৃত্যু হইবে না ॥ ১৩ ॥ জন্মকালে যদি সমুদয় গ্রহ শীর্ষোদয় রাশীতে অবস্থিত হয় তাহাহইলে রিষ্টযোগ থাকিলেও বালকের অকাল-মৃত্যু হইবে না। ১৪ ॥ জন্মকালে যদি গ্রহযুদ্ধে জয়ী কোন শুভগ্রহ অপর কোন শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাহইলে রিষ্ট-যোগসত্ত্বেও বালকের অকালমৃত্যু হইবে না ॥ ১৫ ॥ জন্মকালে পূর্ণচন্দ্র যদি সমুদয় গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহাহইলে উপরি উক্ত রিষ্টযোগসত্ত্বেও জাতবালকের অকালমৃত্যু হইবে না ॥ ১৬ ॥

বৃহজ্জাতকে অরিষ্টাধ্যায়নামক ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সপ্তমোঽধ্যায়ঃ।

অথায়ুর্দ্দায়োঽধ্যায়ঃ

ময়যবনমণিত্থশক্তিপূর্ব্বৈর্দ্দিবসকরাদিষু বৎসরাঃ প্রদিষ্টাঃ। নবতিথিবিষয়াশ্বিভূতরুদ্রৈর্দ্দশসহিতা দশভিঃ স্বতুঙ্গভেষু ॥ ১ ॥

অথায়ুর্দ্দায়াধ্যায়োক্তারিষ্টবর্জ্জিতস্যায়ুর্দ্দায়ঃ কর্ত্তব্যঃ তত্রাদাবেব ময়যবনমণিত্থপরা-শরমতেন প্রত্যেকস্থ গ্রহস্থ পরমায়ুঃপ্রমাণং পুষ্পিতাগ্রয়াহ—ময়যবনেতি। ময়নামা দানবঃ সূর্য্যবরপ্রসাদঃ, যবনো ম্লেচ্ছজাতীয়হোরাবিৎ, মণিত্থ আচার্য্যঃ শক্তিপূর্ব্বঃ পরা-শরঃ শক্তিঃ পূর্ব্বো যস্য স শক্তিপূর্ব্বঃ পুত্রশব্দেন পিতা উচ্যতে তৈঃ ময়যবনমণিত্থশক্তিপূর্ব্বৈঃ দিবসকরাদিষু গ্রহেষু বৎসরাঃ সম্বৎসরাঃ পরমায়ুঃপ্রমাণাখ্যাঃ প্রদিষ্টা উক্তাঃ নবতিথিবিষয়াদি ইত্যাদি অত্র দশাদিভির্দ্দশসহিতা ইতি। সর্ব্বত্রৈব বিশেষভূতাঃ তেন

নবভিঃ দশসহিতা একোনবিংশতিঃ পরমায়ুঃপ্রমাণবৎসরদিবসকরস্তাদিত্যস্য তিথিভিঃ পঞ্চদশভিঃ সহিতাঃ দশপঞ্চবিংশতিশ্চন্দ্রস্য বিষয়ৈঃ পঞ্চভিঃ সহিতা দশপঞ্চদশভৌমস্য অশ্বিভ্যাং দ্বাভ্যাং সহিতা দশ দ্বাদশবুধস্য ভূতৈঃ পঞ্চভিঃ সহিতা দশপঞ্চদশগুরো রুদ্রৈরেকাদশভিঃ সহিতা দশ একবিংশতিঃ শুক্রস্য দশভিঃ সহিতা দশবিংশতিঃ ২০ সৌরস্য এতানি গ্রহাণাং পরমায়ুঃপ্রমাণং বর্ষাণি স্বতুঙ্গস্থেষু স্বপরমোচ্চাংশস্থিতেষু ভবন্তি। অত্রেদৃশাঃ পরমোচ্চস্থিতা আদিত্যাদয়ো ভবন্তি তে যথানির্দ্দিষ্টবর্ষাণি প্রযচ্ছন্তি অন্যেনাপি এতাস্তর্কাদীনাং পরমায়ুঃপ্রমাণবর্ষাণি ॥ ১ ॥

ময়নামকদানব, যবনাচার্য্য, মণিথ এবং পরাশর ইহাদিগের মতে জন্মকালে রবি, চন্দ্র প্রভৃতি গ্রহগণ ক্রমে তাহাদিগের স্ব স্ব উচ্চস্থানে স্থিত হইলে ১৯, ২৫, ১৫, ১২, ১৫, ২১ এবং ২০ বর্ষ পিণ্ডায়ুঃ প্রদান করিয়া থাকেন, অর্থাৎ রবি জন্মকালে পরম উচ্চস্থানে থাকিলে ১৯ বর্ষ, চন্দ্র উচ্চস্থানে থাকিলে ২৫ বর্ষ, ঐরূপ মঙ্গল ১৫ বর্ষ, বুধ ১২ বর্ষ, বৃহস্পতি ১৫ বর্ষ শুক্র ২১ বর্ষ এবং শনি উচ্চস্থানে থাকিলে ২০ বর্ষ আয়ুঃ-প্রদান করেন, ইহাই পিণ্ডায়ু নামে খ্যাত।

স্পষ্টার্থ—মেষরাশির দশম অংশ রবির উচ্চস্থান, বৃষরাশির তৃতীয় অংশ চন্দ্রের উচ্চস্থান, মকররাশির অষ্টাদশ অংশ মঙ্গলের, কন্যারাশির পঞ্চদশ অংশ বুধের, কর্কটের পঞ্চম অংশ বৃহস্পতির, মীনরাশির সপ্তবিংশ অংশ শুক্রের এবং তুলারাশিরবিংশতি অংশ শনির উচ্চস্থান। এই সকল উচ্চস্থানে থাকিলেই গ্রহগণ পূর্ব্বোক্ত আয়ুর সংখ্যাপ্রদান করিয়া থাকেন ॥ ১ ॥

নীচতোর্দ্ধং হ্রসতি হি ততশ্চান্তরস্থেঽনুপাতো
হোরাত্বংশপ্রতিমমপরে রাশিতুল্যং বদন্তি। হিত্বা বক্রং
রিপুগৃহগতৈর্হীয়তে স্বত্রিভাগঃ সূর্য্যোচ্ছিন্নদ্যুতিষু চ দলং
প্রোজ্ঝ্য শুক্রার্কপুত্রৌ ॥ ২ ॥

অথ পরমনীচাবস্থিতানামায়ুর্দ্দায়জ্ঞানক মন্দাক্রান্তয়াহ নীচেতি। নীচতরেব দিবসকরাদয়ো নীচে পরমনীচে প্রাপ্তা অর্দ্ধপরমায়ুঃ প্রমাণবর্ষেভ্যোঽপহরন্তি। অতএবোক্তং নীচেঽতোঽস্মাৎ পূর্ব্বোক্তাৎ পরমায়ুষোর্দ্ধং দলং হ্রসতি ক্ষীয়তে। অথেদৃশা রব্যাদয়ঃ পরমনীচস্থা ভবন্তি পরমনীচস্থাস্ত এব পূর্ব্বোক্তায়ুষোঽর্দ্ধং দলং প্রযচ্ছন্তি। তদ্যথা রবিঃ নবসার্দ্ধানি বর্ষাণি প্রযচ্ছতি। এবং চন্দ্রঃ সার্দ্ধদ্বাদশবর্ষাণি প্রযচ্ছতি। এবং ভৌমঃ সপ্তসার্দ্ধানি বর্ষাণি এবং বুধঃষট্ এবং বৃহস্পতিঃ সপ্তসার্দ্ধানি এবং শুক্রস্য দশসার্দ্ধানি এবং শনৈশ্চরস্য দশ অঙ্কেনাপি বর্ষ ৯ মাস ৬ অয়ং সূর্য্যস্য। চন্দ্রস্য বর্ষ ১২ মাস ৬। ভৌমস্য বর্ষ ৭ মাস ৬। বুধস্য বর্ষ ৬ মাস ০। গুরোঃ বর্ষ ৭ মাস ৬। শুক্রস্য বর্ষ ১০ মাস ৬। শনেঃ বর্ষ ১০ মাস ০। ততশ্চান্তরস্থেঽনুপাত ইতি। ততস্তস্মাদুচ্চান্নীচান্তরস্থে মধ্যবর্ত্তিনি গ্রহেঽনুপাতঃ ত্রৈরাশিকঃ কর্ত্তব্যঃ। তত্র তাবৎ সর্ব্বস্যৈব গ্রহস্য পরমোচ্চপরমনীচান্তরালং রাশিষট্কং ভবতি লিপ্তা পিণ্ডীকৃতং দশসহস্রাণ্যষ্টৌ চ শতানি ভবন্তি। তত্র স্বোচ্চাদধিকং গ্রহেণ যদা ভুক্তং ভবতি তদা তত্র স্বোচ্চং বিশোধ্য শেষস্য লিপ্তা পিণ্ডীকার্য্যা। অথ স্বনীচাদধিকং গ্রহেণ ভুক্তং ভবতি তদা তত্র স্বনীচমপাস্যাবশেষলিপ্তা পিণ্ডীকার্য্যা। তাসাং লিপ্তানাং গ্রহভুক্তলিপ্তা গণ ইত্যাখ্যা। তস্যৈব গ্রহস্য পরমনীচোক্তানি বর্ষাণি মাসযুক্তানি কান্যানি কথমুচ্যতে? বর্ষাণি দ্বাদশভিঃ সঙ্গুণ্য তত্র মাসান্ যোজয়েৎ তানি চ কৃতান্যানি আদীনাং লিখ্যন্তে। তদ্যথা চতুর্দ্দশাধিকং শতং রবেঃ, সার্দ্ধং শতকচন্দ্রস্য, নবতির্ভৌমস্য, দ্বিসপ্ততির্বুধস্য, নবতির্জীবস্য, ষড়্বিংশত্যাধিকং শতং শুক্রস্য, বিংশত্যাধিকং শতং সৌরস্য, অঙ্কেনাপি ১১৪ সূ, ১৫০ চ, ৯০ ভৌ, ৭২ বু, ৯০ জীব, ১২৬ শুক্রস্য, ১২০ শনেঃ। তত্র ত্রৈরাশিকং যদি ভগণার্দ্ধলিপ্তাভিঃ ষথাষ্টনিকৃনঃখ্যাভিরেতাভিঃ ১০৮০০ ইষ্টগ্রহপরমনীচমাসা লভ্যন্তে তদ্গ্রহভুক্তলিপ্তাভিঃ কিয়ন্ত ইতি। অত্রেদং স্বত্রম্ ত্রৈরাশিকে প্রমাণঃ ফলমিচ্ছাপ্রান্তয়োঃ সদৃশরাশী ইচ্ছাফলেন গুণিতা প্রমাণভক্তা ফলং ভবতি। তদর্থং গ্রহভুক্তলিপ্তা এবং গ্রহপরমনীচমাসৈঃ সঙ্গুণ্য ভগণার্দ্ধলিপ্তাভিঃ বিভাজ্যাবাপ্তং মাসাঃ মাসশেষং ত্রিংশদ্গুণিতং ৩০ তেনৈব চ্ছেদেন ভাগমপহৃতাবাপ্তদিবসাঃ দিনশেষং ষষ্ঠ্যা সঙ্গুণ্য তেনৈব চ্ছেদেন ভাগমপহৃত্যাবাপ্তঃ ঘটিকাঃ ঘটিকাশেষং ষষ্ঠ্যা সঙ্গুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ শেষকাঃ এবং মাসাদিকশেষকান্তঃ কাল আগতঃ মাসানাং দ্বাদশভিঃ ভাগমপহৃত্য বর্ষাণি লভ্যন্তে শেষং মাসাঃ। এবমাগতং বর্ষাদিপরমোচ্চায়ুঃ দর্শিতবর্ষেভ্যঃ সংশোধ্যাবশেষং গ্রহেণ বর্ষাদিরায়ুঃকালো দত্তো ভবতি। এবমুচ্চাদ্বিচ্যুতস্য নীচমপ্রাপ্তস্য কর্ত্তব্যম্। নীচাদ্বিচ্যুতেঽপ্যুচ্চমপ্রাপ্তস্য প্রাপ্তৎকালমানীয় তস্য চ গ্রহস্য পরমনীচার্দ্ধায়ুষি সংযোজ্য গ্রহস্যায়ুঃ কালো বর্ষাদির্ভবতি। অথবা যদি রাশিষট্কলিপ্তাভিরর্দ্ধায়ুর্বর্ষাণাপঠীয়ন্তে তদৈতাভিঃ গ্রহভুক্তলিপ্তাভিঃ কিমিত্যত্রমধ্যমরাশিসবর্ণীকৃত্য তেন গ্রহভুক্তলিপ্তা গুণয়েৎ। ততঃ পরিবর্ত্য ভাগহারচ্ছেদাংশৈঃ ছেদ সঙ্গুণ ছেদাংশাংশগুণো ভাজ্য স্বভাগহারঃ সবর্ণিতয়োরিত্যত্র বর্ষাণি মধ্যমবচ্ছেদেন দ্বিকেন ভগণার্দ্ধেন লিপ্তাঃ সঙ্গুণ্য খখষট্খনলিপ্তা ভবন্তি। ২১৬০০ এতাভির্ভাগমপহৃতা বর্ষাণি লভ্যন্তে শেষং দ্বাদশভিঃ সবিকলং সঙ্গুণ্যাধঃস্থস্য বিকলস্য ষষ্ঠ্যা ভাগমপহৃত্যোপরি তেন রাশৌ সংযোজ্য প্রাগ্বদ্বিভাজ্য মাসা লভ্যন্তে এবং শেষং সবিকলং ত্রিংশতা ষষ্ঠ্যা সঙ্গুণ্য দিনঘটিকা বিঘটিকাশ্চানয়িতব্যাঃ শেষং প্রাগ্বৎ কর্ম্ম। অথ লঘুনোপায়েন পিণ্ডায়ুরানয়নং প্রদর্শ্যতে। তদ্যথেষ্টগ্রহাদস্মাৎ প্রাগুক্তমুচ্চক্রমকং বিশোধ্যাবশেষং কর্ম্মভূমৌ স্থাপয়েৎ। অথোচ্চশ্রবকং ন শুধ্যতি তদা গ্রহরাশিষাদশ কলস্থাত্তস্মাদুচ্চমপাস্যাবশেষং স্থাপয়েৎ। ততস্তদবশেষং রাশিষট্কাদূনং ভবতি তদা রাশিদ্বাদশকাদপাস্য শেষং স্থাপ্যং। অথ রাশিষট্কাদধিকং ভবতি তদা তদেব গ্রাহ্যম্ তৎকর্ম্মভূমৌ রাশ্যাদিকং বিলিপ্তান্তং পরমায়ুর্বর্ষৈঃ সঙ্গুণ্য স্বচ্ছেদৈর্দ্বিয়াজ্য লব্ধমুপর্য্যুপরিযোজয়েৎ অবশেষং স্থাপয়েৎ। বিলিপ্তাস্থানে ষষ্ঠ্যা লিপ্তাস্থানেঽপি ষষ্ঠ্যা ভাগানাং ত্রিংশতা রাশীনাং দ্বাদশভিঃ রাশিভ্যো লব্ধং বর্ষাণি তদবশেষং মাসাঃ ভাগশেষং দিবসাঃ লিপ্তাঃ শেষং ঘটিকাঃ বিলিপ্তা শেষং শেষকা ইতি এতাবতৈব কর্ম্মণা স্ফুটং ভবতি। তথাচ সারাবল্যাম্—স্বোচ্চশুদ্ধো গ্রহঃ শোধ্যঃ ষড়্ভ্যো ন্যূনো ভমণ্ডলাৎ। স্বপিণ্ডগুণিতো ভক্তো রাশিমানেন বৎসরাঃ হোরাত্বংশপ্রতিমমিতি। হোরা লগ্নম্ ন চাংশপ্রতিমানি বর্ষাণি দদাতি যাবন্তো নবাংশকা লগ্নেন ভুক্তাস্তাবন্ত্যেব বর্ষাণি দদাতি তৎকরণম্ যথা তাৎকালিকলগ্নস্য রাশীনপাস্যাংশশেষলিপ্তং পিণ্ডীকার্য্যং তত্র শতদ্বয়েন ভাগমপহৃত্যাবাপ্তং ভুক্তনবাংশাস্তাবন্ত্যেব বর্ষাণি লগ্নমায়ুর্দ্দায়ং প্রযচ্ছতি। অবশেষেণ সহ ত্রৈরাশিকং কৃত্বা বর্ষাণামধঃস্থানাসাদানামপি জ্ঞাতব্যম্। তদ্যথা যদি লিপ্তা শতদ্বয়েন দ্বাদশমাসা লভ্যন্তে তদবশেষলিপ্তাভিঃ কিয়ন্ত ইতি, তেনাবশেষলিপ্তা দ্বাদশভিঃ সঙ্গুণ্য শতদ্বয়েন বিভাজ্যাবাপ্তং মাসান্তে চ বর্ষাণামধঃস্থাপ্যমানশেষং ত্রিংশতা সঙ্গুণ্য শতদ্বয়েন প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ দিবসাঃ তান্ মাসানামধঃস্থাপয়েৎ দিনশেষং ষষ্ঠ্যা সঙ্গুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঃ ঘটিকা দিবসানামধঃস্থাপ্যাঃ, ঘটিকাশেষং ষষ্ঠ্যা সঙ্গুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ শেষকা ঘটিকানামধঃস্থাপ্যাঃ। এবং লগ্নায়ুর্দ্দায়ঃ অপররাশিতুল্যং বদন্তি অপরেঽন্যে মণিথাদয়ঃ। আচার্য্যা লগ্নস্য রাশিতুল্যং আয়ুর্দ্দায়মিচ্ছন্তি। লগ্নে যাবন্তো রাশয়ো ভুক্তাস্তাবন্ত্য এব বর্ষাণি লগ্নায়ুঃ লগ্নস্য ভুক্তাদিকং লিপ্তা পিণ্ডীকৃতা মাসাদ্যায়নে ত্রৈরাশিকং কর্ত্তব্যং। যদ্যষ্টাদশভির্লিপ্তা শতৈর্দ্বাদশমাসা লভ্যন্তে তদৈতাভিঃ লগ্নভুক্তলিপ্তাভিঃ কিয়ন্ত ইতি। প্রাগবর্ষাণামধস্তাঃ মাসাদ্যাঃ স্থাপিতব্যাঃ তথাচ মণিথঃ—লগ্নরাশিসমাশ্চাব্দা মাসাদ্যাস্ত্বনুপাততঃ কৃত্বা যত্নতঃ এবং কালং বর্ষাদিলগ্নজীবিতম্। তদেবমতং শোভনমিত্যস্মাকমভিমতম্। অন্যেঽপ্যেবমিচ্ছন্তি যথা লগ্নাধিপতৌ বলবতি অংশপ্রতিমং রাশ্যধিপে বলবতি রাশিতুল্যং বদন্তি কথয়ন্তীত্যর্থঃ। তথাচ সারাবল্যাম্—লগ্নান্দায়াংশতুল্যং স্বামিন্যস্মিন্ চানুপাততঃ তৎপতে বলসংযুক্তে রাশিতুল্যঞ্চ ভাধিপে হিত্বা বক্রমিতি। যেন গ্রহেণ যাবৎসংখ্যায়ুর্দ্দায়ো দত্তস্তস্য সংভবতি তস্মাৎ দায়াদ্যঃ ভৌমাদিকশ্চক্রং বিপরীতাং গতিং হিত্বা বর্জ্জিত্বা

যো গ্রহো রিপুগৃহগতঃ শত্রুক্ষেত্রাবস্থিতো ভবতি তেন স্বানায়ুস্ত্রিভাগো হীয়তে ন গ্রহ-ত্রিভাগনপহরতীত্যর্থঃ। বক্রিতঃ পুনঃ শত্রুক্ষেত্রগতো নাপহরতি তথাচ বক্রচারং বিনা ত্র্যংশং শত্রুরাশৌ হরেদ্ গ্রহঃ। এতদ্বহূনাং মতম্ আচার্য্যাস্তু পুনঃ এষ এব পক্ষো-ঽভিপ্রেতঃ অন্যথা হিত্বা ভৌমং রিপুগৃহগতৈঃ হীয়তে স্বত্রিভাগ ইত্যেবাবক্ষ্যৎ। অতএব জ্ঞায়তে যথা বক্রগো গ্রহোঽংশায়ুর্দায়ং বলবত্ত্বাত্রিগুণং দদাতি তথাত্রাপি নাহরতীতি নিশ্চিতং, অন্যে পুনরেবং ব্যাচক্ষতে যথা বক্রমঙ্গারকং হিত্বা যো গ্রহো রিপুরাশিগতস্তেন স্বানায়ুস্ত্রিভাগো হীয়তে ভৌমঃ শত্রুক্ষেত্রো যতো নাপহরতি হিত্বা বক্রমিত্যত্র কেচি-দিচ্ছন্তি। যথা বক্রিতঃ গ্রহঃ হিত্বাংশঃ স্বশত্রুগৃহগতঃ স্বভাগমপহরতি তদসৎ। অত্র চ বাদরায়ণঃ—ভূম্যাঃ পুত্রং বর্জ্জয়িত্বারিভস্থা হন্যুঃ স্বস্বাদায়ুষস্তে ত্রিভাগমিতি। সূর্য্যা-চ্ছিদ্রচ্ছবিঃ সূর্য্যেণ রবিণা জিহ্মা কর্ত্তিতা ছাতির্যোষাস্তে সূর্য্যোচ্ছিন্নচ্ছায়ঃ আদিত্যমণ্ডলে অবস্থিতেষু গ্রহেষু দলমর্দ্ধং হীয়তে। কিন্তু শুক্রার্কপুত্রৌ সিতশনৈশ্চরৌ প্রোক্ত বর্জ্জ-য়িত্বা তাবস্তঙ্গতাবপি নাপহরতঃ। তথাচ বাদরায়ণঃ—অস্তং যাতাঃ সর্ব্বএবার্দ্ধহানিং কুর্য্যুর্হিত্বা দৈত্যপূজ্যার্কপুত্রৌ॥ ২॥

পরমায়ুর সংখ্যা যেরূপ উক্ত হইল, নানাকারণেই তাহার হ্রাস হইতে পারে তদ্বিবরণ নিম্নে বিবৃত হইতেছে।

জন্মকালে গ্রহগণ যদি তাহাদিগের নীচস্থানে থাকে, তাহাহইলে উপরি উক্ত উচ্চস্থানস্থ গ্রহগণ যে পিণ্ডায়ুর সংখ্যা প্রদান করে, তাহার অর্দ্ধসংখ্যা হইবে। উচ্চ কিম্বা নীচস্থানে কোন গ্রহ না থাকিয়া যদি উহাদিগের মধ্যে কোন একস্থানে থাকে, তাহাহইলে অনুপাত করিয়া আয়ুর সংখ্যা নির্ণয় করিতে হইবে। লগ্নায়ুগণনাকালে উদিতলগ্নের যে কয়েক অংশ ভুক্ত হয়, সেই সংখ্যানুসারে লগ্নায়ু নির্দ্দিষ্ট হইয়া থাকে। কেহ কেহ বলেন যে, লগ্নায়ুর গণনাকালে মেষরাশির প্রথম হইতে লগ্নরাশি পর্য্যন্ত গণনায় যে কয়েক রাশি হইবে তাহার সংখ্যানুসারে লগ্নায়ুর সংখ্যা হয়। আর জন্মকালে যদি কোন গ্রহ শত্রুগৃহে থাকে, তাহাহইলে স্বীয় প্রদত্ত আয়ুর তৃতীয়াংশ হ্রাস হইবে। যদি ঐ গ্রহ অস্তগত হয়, তাহাহইলে স্বীয় প্রদত্ত আয়ুর অর্দ্ধাংশ হ্রাস হইবে। বক্রগ্রহ যদি শত্রুগৃহে থাকে তাহাহইলে এবং শনি ও শুক্র যদি অস্তগত হয়, তাহাহইলে স্বীয় প্রদত্ত আয়ুর হানি করে না।

স্পষ্টার্থ—জন্মকালে রবি তাহার নীচস্থান অর্থাৎ তুলা-রাশির দশম অংশে থাকিলে তাহার উচ্চস্থান মেষের দশম অংশে থাকিয়া যে ১৯ বর্ষ পিণ্ডায়ু প্রদান করেন, এস্থলে তাহার অর্দ্ধ অর্থাৎ ৯ বৎসর ৬ মাস আয়ুর সংখ্যা প্রদান করিবেন। এইরূপ চন্দ্র তাহার নীচস্থানে অর্থাৎ বৃশ্চিকের তৃতীয় অংশে থাকিলে পিণ্ডায়ু ২৫ বৎসরের অর্দ্ধ ১২ বৎসর ৬ [illegible], মঙ্গল তাহার নীচস্থানে অর্থাৎ কর্কটের ২৮ অংশে [illegible], আপন প্রদত্ত পিণ্ডায়ু ১৫ বৎসরের অর্দ্ধ ৭ বৎসর [illegible], বুধ তাহার নীচস্থানে অর্থাৎ মীনের ১৫ অংশে [illegible] আপন প্রদত্ত পিণ্ডায়ু ১২ বৎসরের অর্দ্ধ ৬ বৎসর, [illegible] তাহার নীচস্থানে অর্থাৎ মকরের ৫ম অংশে থাকিলে ১৫ বৎসরের অর্দ্ধ ৭ বৎসর ৬ মাস, শুক্র তাহার নীচস্থানে অর্থাৎ মকরের ৫ম অংশে থাকিলে তাহার প্রদত্ত পিণ্ডায়ু ২১ বৎসরের অর্দ্ধ ১০ বৎসর ৬ মাস, শনি তাহার নীচ-স্থানে অর্থাৎ মেষের ২০ অংশে থাকিলে ২০ বৎসরের অর্দ্ধ ১০ দশবৎসর আয়ুর সংখ্যা প্রদান করিয়া থাকে।

উচ্চ এবং নীচস্থানের মধ্যে গ্রহ থাকিলে যেরূপ অনুপাৎ করিয়া লইতে হয়, তাহার একটী দৃষ্টান্ত দেওয়া যাইতেছে। রবি যদি জন্মকালে ধনুরাশির ২১ অংশে স্থিতি করেন তাহা হইলে দেখিতে হইবে যে, রবি কতবৎসর আয়ুঃপ্রদান করি-বেন? পূর্ব্বে কথিত হইয়াছে যে, রবি উচ্চস্থানে অর্থাৎ মেষ-রাশির দশম অংশে থাকিলে পরমায়ুর সংখ্যা ১৯ বৎসর এবং নীচস্থানে অর্থাৎ তুলারাশির ১০ অংশে থাকিলে ১৯ বৎসরের অর্দ্ধ ৯ বৎসর ৬ মাস আয়ুর সংখ্যাপ্রদান করিবেন। আর মেষের ১০ অংশ হইতে তুলার ১০ অংশ পর্য্যন্ত গণনায় ১৮০ অংশ হয় এবং তুলার ১০ অংশ হইতে রবিভুক্তরাশি ধনুর ১০ অংশ পর্য্যন্ত গণনায় ২।১১ দুই রাশি এগার অংশ অর্থাৎ ৭১ অংশ হয়, অতএব রবি যদি ১৮০ অংশে ৯ বৎসর ৬ মাস আয়ুপ্রদান করে, তাহাহইলে ৭১ অংশে কত বৎসর কত মাস ও কত দিন আয়ুঃপ্রদান করিবে। ত্রৈরাশিকমতে ৩ বৎসর ৮ মাস ২৯ দিন পাওয়া যায়, এই ৩ বৎসর ৮ মাস ২৯ দিন পূর্ব্বকথিত ৯ বর্ষ ৬ মাসের সহিত যোগ দিলে ১৩ বর্ষ ২ মাস ২৯ দিন হইবে। অতএব রবি উচ্চ এবং নীচস্থানের মধ্যে ধনুর ১০ম অংশে থাকিয়া ১৩ বৎসর ২ মাস ২৯ দিন আয়ু-প্রদান করিল। এইরূপ অন্যান্য গ্রহগণের অনুপাত করিয়া আয়ু নিরূপণ করিবে।

এই যে আয়ুর সংখ্যা নিরূপিত হইল, অন্যান্য কারণে ইহার হ্রাস হইয়া থাকে তাহার বিশেষ ক্রম প্রকাশিত হইবে।

এইক্ষণ লগ্নায়ুগণনার প্রণালী কথিত হইতেছে। গ্রহগণ যেরূপ আয়ুর সংখ্যা প্রদান করেন, সেইরূপ লগ্নও আয়ুর সংখ্যা প্রদান করিয়া থাকেন। প্রতিলগ্ন ৯ ভাগে বিভক্ত করা হইয়াছে, ইহার এক এক ভাগকে নবাংশ বলিয়া থাকে। প্রতিনবাংশে একবৎসর করিয়া আয়ুর সংখ্যা প্রদান করে, তদনুসারে ৯ নবাংশ ৯ বৎসর আয়ুপ্রদান করিয়া থাকে। যদি উহার কোন অংশমধ্যে জন্ম হয়, তাহা-হইলে অনুপাৎ করিয়া আয়ুর সংখ্যা স্থির করিবে। যথা—যদি কোন বালকের সিংহের ১০ অংশ উদয়কালে জন্ম হয় তাহা-হইলে এইরূপে অনুপাত করিতে হইবে। যদি ৩০ অংশে ৯ বৎসর হয়, তবে ১০ অংশে কত বর্ষ হইবে? এইস্থলে ত্রৈরা-শিকের নিয়মানুসারে ১০ কে ৯ দিয়া গুণ করিলে ৯০ হয় এই